# ২০২৫
# বাংলা
## (প্রোগ্রাম)
### ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)
### পঞ্চম সেমেস্টার
### কোর্স কোড : BNGG-DSE-T-1
### (সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)
### [CBCS]
### (পুরাতন পাঠক্রম)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) আনন্দবর্ধন কত রকমের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?

খ) আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের প্রকাশ প্রথম কার লেখা কোন কাব্যের মাধ্যমে হয়?

গ) বাংলা সাহিত্যে 'নিউ ক্লাসিক' যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে হয়েছিল?

ঘ) কোথায় কত খ্রীষ্টাব্দে 'সুররিয়ালিজম্' আন্দোলনের উদ্ভব ঘটে?

[পরপৃষ্ঠায়]

ঙ) 'সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য' — সংক্ষেপে লেখো।

চ) 'বক্রোক্তি' কয় প্রকার ও কী কী?

ছ) কাব্যের উদ্দেশ্য কী?

জ) বঙ্কিমচন্দ্র বাংলার কোন কবিকে গীতিকাব্য প্রণেতা বলেছেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?

ঝ) 'রঞ্জন' এর সঙ্গে পাঠক-দর্শকের পরিচয় কীভাবে ঘটেছে?

ঞ) 'জগতের চিরন্তন প্রেমিক এরা' — 'এরা' বলতে কাদের বোঝানো হয়েছে? এদের প্রেমে কী নিহিত আছে?

ট) "রবীন্দ্রনাথের বিশ্বাস ও অভিনয়ে অনুরূপ ছিল" — কোন্ প্রসঙ্গে এ উক্তি করা হয়েছে?

ঠ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কি রবীন্দ্রনাথ সম্পর্কে বুদ্ধদেব বসুর ভাবনাকে সমর্থন করেছেন? দুটি বাক্যে লেখো।

ড) বিদ্যাপতি ও জয়দেব ছাড়া প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র উল্লেখিত কয়েকজন গীতিকবির নাম লেখো।

ঢ) আচার্য বামন কত প্রকারের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?

ণ) 'ঔচিত্যবাদ'-এর প্রতিষ্ঠাতা কে? এই বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

খ) বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারার প্রচলন কোন সময় থেকে— আলোকপাত করো।



গ) 'রক্তকরবী'র নন্দিনীকে সবার চেয়ে কে বেশি ভালোবাসত? রঞ্জন, কিশোর না বিশু পাগল? প্রাবন্ধিক এই প্রশ্নের সমাধানে কোন্ সিদ্ধান্তে এসে পৌঁছেছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

ঘ) রীতিবাদের প্রবক্তা কে? কোন গ্রন্থে তা তিনি প্রমাণ করেন? 'রীতি' বলতে তিনি কী বুঝিয়েছেন? তাঁর মতে রীতি কতপ্রকার ও কী কী? ১+১+১+২=৫

ঙ) 'অনুকৃতি' কী? 'অনুকৃতি' সম্পর্কে প্রাচীন আলঙ্কারিকদের ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।

চ) "নন্দিনী ভালোবাসে প্রাণের রং" — আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) "রবীন্দ্রনাথের মনের একটি কোণে যে উদাসীটি আছে সে তাঁর নানা রচনায় বিশুর মত রূপ নিয়েছে, ..... সে এক নিত্যকালের ক্ষ্যাপা।" — 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধ অবলম্বনে বিশুকে কেন্দ্র করে 'সেই নিত্যকালের ক্ষ্যাপা' চরিত্রগুলির মাধ্যমে কোন্ জীবনদর্শন প্রতিফলিত হয়েছে — আলোচনা করো।

খ) 'সুররিয়ালিজম'-এর সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যে সুররিয়ালিজমের প্রভাব সম্পর্কে বুঝিয়ে দাও।

গ) ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের মধ্যে তুলনামূলক আলোচনা করো।

ঘ) রবীন্দ্র কাব্যাদর্শ সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের দৃষ্টিভঙ্গি মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

———————